আজকের কাগজ

তারিখ 0 5 NOV 1991
পৃষ্ঠা ... কলাম ...

# চঃ বিঃ উপাচার্য শিক্ষামন্ত্রীর সঙ্গে আজ বৈঠকে বসতে পারছেন না

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতি আলোচনার জন্যে শিক্ষামন্ত্রী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে ঢাকায় আজ মঙ্গলবার বৈঠকে ডেকেছিলেন। শিবির কর্মীরা গতকাল রাতে বিশ্ববিদ্যালয় ফটকে তালা মেরে দেয়ায় উপাচার্য চট্টগ্রাম থেকে ঢাকায় আসতে পারেননি। ফলে শিক্ষামন্ত্রী ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের মধ্যে আজ বৈঠক হতে পারছে না। খবর আমাদের সংবাদদাতা পঙ্কজ দস্তিদারের ফোন।

খবর পেয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর, সহকারী প্রক্টর, প্রভোস্টগণ ও হাটহাজারী থানার একজন কর্মকর্তা শিবির কর্মীদের সঙ্গে আলোচনা করে মীমাংসায় আসার চেষ্টা করে ব্যর্থ হন। শিবির কর্মীরা উপাচার্য পদত্যাগ করার আগে তালা খুলবে না বলে জানায়। এ রিপোর্ট লেখা পর্যন্ত শিবিরের তালা মারা কর্মসূচি চলছিলো।

13